PART—A
Child Development & Pedagogy

English Version

1. To address the needs of differently abled learners in inclusive class, which one of the following step should teachers adopt?

(A) Approach focussing on learners' deficit
(B) Approach focussing only on the specific learning disability
(C) Approach of neutrality to treat all the children in similar manner
(D) Approach focussing on learners' strength

2. Which of the following is *NOT* a relevant reason for assessing learners before presenting a lesson?

(A) To assess the readiness of learners for a lesson
(B) To make the learners aware before presenting a lesson
(C) To facilitate teachers to practice core teaching skills
(D) To form different learning groups among the learners while adopting collaborative teaching-learning

3. The level of teaching in which the learner can identify the problem, define it and try to solve it by using critical and creative abilities, is

(A) memory level of teaching
(B) understanding level of teaching
(C) reflective level of teaching
(D) pre-active level of teaching

4. Which of the following is *NOT* an essential principle of teaching at primary level?

(A) Principle of providing attention for individual difference
(B) Principle of proceeding from simple to complex
(C) Principle of proceeding from general to specific
(D) Principle of providing enough information to the learner

5. There are two tasks in education:

(I) Personality development (II) Habit formation

There are two stages of education:

(a) Primary (b) Secondary

The best combination of the task in education and stage of education might be

(A) (I, a); (II, a) (B) (I, b); (II, b)
(C) (I, a); (II, b) (D) (I, b); (II, a)

Bengali Version

1. অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষে ভিন্নভাবে সক্ষম শিক্ষার্থীদের চাহিদাগুলি মেটাতে শিক্ষক/শিক্ষিকাদের নীচের কোন পথটি গ্রহণ করা উচিত?

(A) শিক্ষার্থীদের সীমাবদ্ধতাগুলিকে গুরুত্ব দেবার দৃষ্টিভঙ্গি
(B) কেবলমাত্র শিক্ষার্থীদের বিশেষ শিখন অক্ষমতাকে গুরুত্ব দেওয়ার দৃষ্টিভঙ্গি
(C) সকল শিক্ষার্থীদের প্রতি নিরপেক্ষভাবে আচরণ সম্পাদনের দৃষ্টিভঙ্গি
(D) শিক্ষার্থীদের সামর্থ্যকে গুরুত্ব দেবার দৃষ্টিভঙ্গি

2. শিক্ষার্থীদের কাছে পাঠ উপস্থাপনের পূর্বে তাদের মূল্যায়ন করার প্রসঙ্গে নিম্নের কোনটি প্রাসঙ্গিক কারণ *নয়*?

(A) শিক্ষার্থীদের পাঠগ্রহণের প্রস্তুতি যাচাই করা
(B) পাঠ উপস্থাপনের পূর্বে শিক্ষার্থীদের সচেতন করা
(C) শিক্ষক/শিক্ষিকাদের মূল শিক্ষণ দক্ষতা অনুশীলনের সুযোগ তৈরি করা
(D) সহযোগী শিক্ষণ-শিখনে শিক্ষার্থীদের নিয়ে ভিন্ন ভিন্ন শিখনগোষ্ঠী গঠন করা

3. শিক্ষণের যে স্তরে শিক্ষার্থী শিখন সমস্যাটি চিহ্নিত করতে, সমস্যাটিকে সংজ্ঞায়িত করতে এবং বিশ্লেষণীমূলক সৃজনশীল ভাবনা দ্বারা সেটির সমাধান করতে চেষ্টা করে, তা হল

(A) স্মৃতিমূলক স্তরের শিক্ষণ
(B) বোধমূলক স্তরের শিক্ষণ
(C) প্রতিফলনমূলক স্তরের শিক্ষণ
(D) প্রাক্-সক্রিয় স্তরের শিক্ষণ

4. নীচের কোনটি প্রাথমিক স্তরের শিক্ষণের জন্য অপরিহার্য নীতি নয়?

(A) ব্যক্তিস্বাতন্ত্র্যকে মূল্য দেবার নীতি
(B) সরল থেকে জটিলতার দিকে অগ্রসরের নীতি
(C) সাধারণ থেকে বিশেষের দিকে অগ্রসরের নীতি
(D) শিক্ষার্থীদের যথেষ্ট পরিমাণ তথ্য প্রদানের নীতি

5. শিক্ষার দুটি কাজ ঃ

(I) ব্যক্তিত্বের বিকাশ (II) অভ্যাস গঠন

শিক্ষার দুটি স্তর ঃ

(a) প্রাথমিক (b) মাধ্যমিক

শিক্ষার কাজ ও স্তরের সাপেক্ষে সবথেকে সাজুয্যপূর্ণ বিকল্পটি হল—

(A) (I, a); (II, a) (B) (I, b); (II, b)
(C) (I, a); (II, b) (D) (I, b); (II, a)

PART—A
Child Development & Pedagogy

English Version

6. A teacher tells the students "Try to do the task, you will learn". Here the teacher tries to

(A) motivate extrinsically
(B) motivate intrinsically
(C) encourage for achievement motivation
(D) demotivate

7. Falling down on a floor, a child started to hit the floor out of anger. What type of thinking is reflected here according to the theory of Piaget?

(A) Reflective thinking
(B) Logical thinking
(C) Analytical thinking
(D) Animistic thinking

8. The first step of memory is

(A) Retention
(B) Recall
(C) Recognition
(D) Learning

9. According to Kohlberg, in which stage of moral development does an individual work to please his/her family members and neighbours?

(A) Punishment obedience stage
(B) Personal reward stage
(C) Good boy/Nice girl stage
(D) Law and order stage

10. Which of the following strategy is *NOT* pedagogically appropriate for learning in the Constructivist approach?

(A) Encouraging learners towards multiple perspectives of objective reality
(B) Group collaboration
(C) Drill and recall
(D) Exploration through experimentation

11. The cephalocaudal principle of child development refers to the development which proceeds from

(A) head to toe
(B) general to specific
(C) centre of an organism to the periphery of its body
(D) concrete to abstract

Bengali Version

6. একজন শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীদের বললেন "কাজটি করতে চেষ্টা করো, তুমি শিখবে"। এখানে শিক্ষক/শিক্ষিকা

(A) বাহ্যিক প্রেষণা সৃষ্টি করতে চাইছেন
(B) অভ্যন্তরীণ প্রেষণা সৃষ্টি করতে চাইছেন
(C) পারদর্শিতার প্রেষণায় উৎসাহিত করতে চাইছেন
(D) প্রেষণা অবদমন করতে চাইছেন

7. একটি শিশু মেঝেতে পড়ে গিয়ে মেঝের উপর রাগ করে ক্রমাগত আঘাত করতে থাকে। পিয়াজেঁর তত্ত্ব অনুসারে, শিশুটির মধ্যে কোন ধরনের চিন্তনের প্রতিফলন দেখা যাচ্ছে?

(A) প্রতিফলনমূলক চিন্তন
(B) যুক্তিশীল চিন্তন
(C) বিশ্লেষণাত্মক চিন্তন
(D) সর্বপ্রাণবাদমূলক চিন্তন

8. স্মৃতির প্রথম ধাপটি হল

(A) ধারণ
(B) পুনরুদ্রেক
(C) প্রত্যভিজ্ঞা
(D) শিখন

9. কোহ্লবার্গের মত অনুসারে, নৈতিক বিকাশের কোন স্তরে ব্যক্তি পরিবারের সদস্যদের বা প্রতিবেশীদের খুশি করার জন্য কাজ করে?

(A) শাস্তি আনুগত্য স্তরে
(B) ব্যক্তিগত পুরস্কার স্তরে
(C) ভালো ছেলে/সুন্দর মেয়ে স্তরে
(D) আইন ও আদেশ স্তরে

10. নীচের কোন কৌশলটি পেডাগজির দিক থেকে শিখনের নির্মিতিবাদ দৃষ্টিভঙ্গির সঙ্গে উপযুক্ত *নয়*?

(A) বস্তুর বাস্তবতার বহুমুখী প্রেক্ষাপট সম্পর্কে অনুপ্রাণিত করা
(B) দলগত সহযোগিতা
(C) অনুশীলন ও পুনরুদ্রেক
(D) পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে অন্বেষণ

11. শিশু বিকাশের সেফালোকডাল (cephalocaudal) নীতিতে বিকাশের অগ্রগতি হয়

(A) মাথা থেকে পা-এর দিকে
(B) সাধারণ থেকে নির্দিষ্টের দিকে
(C) জীবের শরীরের মধ্যবিন্দু থেকে পরিধির দিকে
(D) মূর্ত থেকে বিমূর্তের দিকে

PART—A
Child Development & Pedagogy

English Version

12. A social science teacher may make linkage geographical concept while teaching history. This kind of pedagogical strategy

(A) would promote misconception among the learners
(B) would negatively impact learning as it would impose additional burden
(C) would facilitate learning by promoting interdisciplinary approach
(D) would neither impact to promote nor to create a hindrance in learning

13. According to Piaget's view, the child learns that 'water can be frozen and then thawed to become liquid again' is an example of

(A) Seriation ability
(B) Classification ability
(C) Reversible thinking
(D) Hypothetico-deductive thinking

14. The memory responsible for remembering 'how to do things', is called

(A) Procedural memory
(B) Semantic memory
(C) Episodic memory
(D) Autobiographical memory

15. A teacher asks a student to mention different non-conventional uses of tea-cups. This teaching tends to develop among the students

(A) Convergent thinking
(B) Creativity
(C) Language ability
(D) Concrete thinking

16. There are some concepts in Pedagogy:

(I) Objectives (II) Aims (III) Goals

There are some factors:

a. Student b. Teacher c. Nation

Find out the best matching pair from the following pairs:

(A) (III, a) and (II, c) (B) (II, a) and (I, c)
(C) (I, a) and (II, b) (D) (I, c) and (III, b)

17. Which one of the following principles is *NOT* relevant to Child Development?

(A) Sequentiality (B) Continuity
(C) Reversibility (D) Generality to specificity

Bengali Version

12. সমাজবিজ্ঞানের একজন শিক্ষক/শিক্ষিকা ইতিহাস শিক্ষণের সময় সেটিকে ভূগোলের সাথে সম্পর্কযুক্ত করেন। এই ধরনের পেডাগজিক্যাল কৌশল —

(A) শিক্ষার্থীদের মধ্যে ভ্রান্তধারণা সৃষ্টি করতে অনুপ্রাণিত করে
(B) অতিরিক্ত পঠনচাপ শিখনের উপর নেতিবাচক প্রভাব ফেলে
(C) আন্তঃবিষয়ক দৃষ্টিভঙ্গি (interdisciplinary) জনিত শিখনকে ত্বরান্বিত করে
(D) এটি শিখনকে না উন্নীত করতে পারে না বাধাদান করতে পারে

13. পিয়াজেঁর মত অনুসারে, শিশুরা যখন শেখে যে 'জলকে বরফে পরিণত করা হয়, তারপর আবার সেই বরফকে তরলে পরিবর্তন করা যায়।' এই ধরনের চিন্তনকে বলে

(A) পর্যায়করণের (seriation) ক্ষমতা
(B) শ্রেণিবদ্ধকরণের (classification) ক্ষমতা
(C) উভমুখী (reversible) চিন্তন
(D) অনুমাননির্ভর-অবরোহী (hypothetico-deductive) চিন্তন

14. 'কোনো কাজ কীভাবে করা হয়'— এই প্রক্রিয়াকে স্মরণ করার জন্য যে ধরনের স্মৃতিকে ব্যবহার করা হয়, তা হল

(A) পদ্ধতিগত (Procedural) স্মৃতি
(B) শব্দার্থিক (Semantic) স্মৃতি
(C) এপিসোডিক (Episodic) স্মৃতি
(D) আত্মজীবনীমূলক (Autobiographical) স্মৃতি

15. শিক্ষক/শিক্ষিকা একজন শিক্ষার্থীকে চায়ের কাপের বিভিন্ন অপ্রচলিত ব্যবহার সম্পর্কে জিজ্ঞাসা করলেন। এই ধরনের শিক্ষণ শিক্ষার্থীদের মধ্যে উৎপন্ন করে

(A) অভিসারী চিন্তন
(B) সৃজনশীলতা
(C) ভাষাগত ক্ষমতা
(D) মূর্ত চিন্তন

16. পেডাগজিতে কিছু ধারণা আছে, যেমন ঃ

(I) উদ্দেশ্য (II) লক্ষ্য (III) চূড়ান্ত নিশানা

কিছু উপাদান আছে, যেমন ঃ

a. শিক্ষার্থী b. শিক্ষক c. দেশ

নীচে কোন জোড়াটি সবচেয়ে ভালো মানানসই হবে তা খুঁজে বের কর?

(A) (III, a) এবং (II, c) (B) (II, a) এবং (I, c)
(C) (I, a) এবং (II, b) (D) (I, c) এবং (III, b)

17. নিম্নের কোন নীতিটি শিশুবিকাশের সাথে প্রাসঙ্গিক নয়?

(A) অনুক্রমতা (B) ধারাবাহিকতা
(C) উভমুখীনতা (D) সাধারণতা থেকে নির্দিষ্টতা

PART—A
Child Development & Pedagogy

English Version

18. A test is administered twice in a definite interval on a group of school students under identical environmental conditions. The mean scores of the students remain very close. It is therefore, said, the test has

(A) validity
(B) reliability
(C) objectivity
(D) moderate difficulty value

19. According to Kohlberg, a teacher can inculcate moral values in the classroom by

(A) giving importance to religious teaching
(B) asking students to read psychology books
(C) introducing clear and strict rules for behaviour modification
(D) discussing moral issues

20. When old memories inhibit new learning, then this phenomenon is called

(A) Proactive inhibition
(B) Retroactive inhibition
(C) Interactive inhibition
(D) Postactive inhibition

21. In which step of 5'E' model, students conduct activities, predict and form hypothesis?

(A) Engagement
(B) Elaboration
(C) Explanation
(D) Exploration

22. Child's 'inability to understand a situation from another person's point of view' is called

(A) Object permanence (B) Centration
(C) Egocentric thinking (D) Transductive thinking

23. In the classroom of a primary school, students usually come from different social backgrounds in terms of culture, religion, economic status and caste system. What should be the best combination of teacher's task to make the classroom inclusive from these given options?

(i) To reflect on his/her own stereotypes and beliefs
(ii) To include and emphasize diversity of children's experience
(iii) To create institutional ethos towards equality
(iv) To instruct children to accommodate the existing standard curriculum

(A) (i), (ii), (iii) (B) (i), (ii), (iv)
(C) (i), (iii), (iv) (D) (ii), (iii)

Bengali Version

18. সুনির্দিষ্ট সময় ব্যবধানে একদল বিদ্যালয় শিক্ষার্থীদের উপর একই ধরনের পরিবেশগত পরিস্থিতিতে একটি অভীক্ষা দুবার প্রয়োগ করা হল। দুটি স্কোরের গড় খুব কাছাকাছি হলে অভীক্ষাটির কোন বৈশিষ্ট্যটি আছে বলে ধরা হবে?

(A) যথার্থতা
(B) নির্ভরযোগ্যতা
(C) নৈর্ব্যক্তিকতা
(D) মাঝারি কাঠিন্য মান

19. কোহ্লবার্গের মত অনুসারে, একজন শিক্ষক/শিক্ষিকা শ্রেণিকক্ষে মূল্যবোধ জাগ্রত করতে পারেন

(A) ধর্মীয় শিক্ষার উপর গুরুত্ব প্রদান করে
(B) শিক্ষার্থীদের মনোবিদ্যার বই পড়তে বলে
(C) আচরণ পরিবর্তনের জন্য স্পষ্ট ও কঠোর নিয়ম প্রণয়ন করে
(D) নৈতিক বিষয় নিয়ে আলোচনা করে

20. যখন পুরানো স্মৃতি নতুন শিখনে বাধা সৃষ্টি করে তখন সেই ঘটনাকে বলে

(A) সম্মুখবর্তী (Proactive) বাধা
(B) পূর্ববর্তী (Retroactive) বাধা
(C) মিথস্ক্রিয় (Interactive) বাধা
(D) উত্তর সক্রিয় (Postactive) বাধা

21. 5'E' মডেলের কোন স্তরে শিক্ষার্থীরা সক্রিয়তায় অংশগ্রহণ করে, অনুমান করতে পারে এবং প্রাক্‌প্রকল্প গঠন করতে পারে?

(A) নিযুক্তিকরণ (Engagement)
(B) বিস্তৃতিকরণ (Elaboration)
(C) ব্যাখ্যাকরণ (Explanation)
(D) অন্বেষণ (Exploration)

22. শিশুদের 'অন্যের দৃষ্টিভঙ্গি দিয়ে কোনো অবস্থা বোঝার অক্ষমতাকে' বলে

(A) বস্তুর স্থায়িত্বের ধারণা (B) এককেন্দ্রিক চিন্তন
(C) আত্মকেন্দ্রিক চিন্তন (D) সঞ্চালিত চিন্তন

23. প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা সাধারণত আসে বিভিন্ন সংস্কৃতি, ধর্ম, আর্থিক অবস্থা ও বর্ণপ্রথা প্রভৃতি সামাজিক অবস্থা থেকে। নীচের বিকল্পগুলির মধ্যে শিক্ষক/শিক্ষিকার কোন কাজগুলি শ্রেণিকক্ষে অন্তর্ভুক্তির জন্য সবথেকে বেশি প্রযোজ্য হবে?

(i) শিক্ষক/শিক্ষিকার নিজের বাঁধাধরা বিশ্বাসের প্রতিফলন ঘটিয়ে
(ii) শিশুর অভিজ্ঞতার বৈচিত্র্যকে সংযুক্তকরণ করে ও জোর দিয়ে
(iii) সাম্যতার প্রতি প্রাতিষ্ঠানিক নীতি (ethos) সৃষ্টি করে
(iv) শিশুদের প্রচলিত আদর্শ পাঠক্রম অনুসরণ করতে নির্দেশ দিয়ে

(A) (i), (ii), (iii) (B) (i), (ii), (iv)
(C) (i), (iii), (iv) (D) (ii), (iii)

PART—A
Child Development & Pedagogy

English Version

24. Which one of the following statements is *NOT* true about the concept of the term 'Pedagogy'?
(A) Pedagogy is the ways and means of transaction of curriculum
(B) Pedagogy is usually influenced by the dominant culture
(C) Pedagogy is not related to the needs of the children
(D) Pedagogy is being exercised across the curriculum

25. While teacher explores learners' indirect and general experience in concept formation in learning-teaching process, then which one of the followings will be most acceptable?
(A) Exposure → Perception → Abstraction → Generalization
(B) Exposure → Generalization → Abstraction → Perception
(C) Exposure → Abstraction → Generalization → Perception
(D) Exposure → Abstraction → Perception → Generalization

26. Learning-Teaching becomes more effective, when
(A) Teacher asks questions and students answer
(B) Teacher writes on the blackboard and students make a copy
(C) Teacher encourages students to ask questions and helps them to answer
(D) Teacher assigns a lot of homework

27. If a child has a mental age of 5 years and chronological age of 4 years, then IQ of the child will be
(A) 100 (B) 75
(C) 80 (D) 125

28. The personality variable through which people generally feel about themselves is
(A) Self-confidence (B) Self-dependence
(C) Self-esteem (D) Introvertedness

29. According to Gardner's theory of Multiple Intelligence, 'the capacity to detect and respond appropriately to the moods, motivations and desires of others' refers to
(A) linguistic intelligence
(B) logical-mathematical intelligence
(C) interpersonal intelligence
(D) intrapersonal intelligence

30. Which one of the followings is the correct sequence of steps for insightful learning?
(A) preparation, incubation, insight, verification
(B) preparation, incubation, verification, insight
(C) preparation, insight, incubation, verification
(D) preparation, verification, incubation, insight

Bengali Version

24. নীচের কোনটি 'পেডাগজি' ধারণার ক্ষেত্রে সত্য *নয়*?
(A) পেডাগজি হল পাঠক্রম পরিচালনার বিভিন্ন পথ ও মাধ্যম
(B) পেডাগজি প্রধান সংস্কৃতি দ্বারা প্রভাবিত হয়
(C) পেডাগজি শিশুদের চাহিদার সাথে সম্পর্কিত নয়
(D) পেডাগজি পাঠক্রমের সর্বত্র অনুশীলিত হয়

25. শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় শিক্ষক যখন ধারণা গঠনের ক্ষেত্রে শিক্ষার্থীর অনির্দিষ্ট ও সাধারণ অভিজ্ঞতা অন্বেষণ করতে চাইবেন, তখন নীচের কোন পর্যায়ক্রমটি সর্বাধিক গ্রহণযোগ্য হবে?
(A) পরিচিতিকরণ (Exposure) → প্রত্যক্ষণ (Perception) → বিমূর্তকরণ (Abstraction) → সাধারণীকরণ (Generalization)
(B) পরিচিতিকরণ (Exposure) → সাধারণীকরণ (Generalization) → বিমূর্তকরণ (Abstraction) → প্রত্যক্ষণ (Perception)
(C) পরিচিতিকরণ (Exposure) → বিমূর্তকরণ (Abstraction) → সাধারণীকরণ (Generalization) → প্রত্যক্ষণ (Perception)
(D) পরিচিতিকরণ (Exposure) → বিমূর্তকরণ (Abstraction) → প্রত্যক্ষণ (Perception) → সাধারণীকরণ (Generalization)

26. শিখন-শিক্ষণ বেশি কার্যকরী হবে, যখন
(A) শিক্ষক/শিক্ষিকা প্রশ্ন করেন ও শিক্ষার্থীরা উত্তর দেন
(B) শিক্ষক/শিক্ষিকা ব্ল্যাকবোর্ডে লেখেন ও শিক্ষার্থীরা সেটি লিখে নেন
(C) শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীকে প্রশ্ন করতে উৎসাহিত করেন এবং তাদের উত্তর দিতে সাহায্য করেন
(D) শিক্ষক/শিক্ষিকা বেশি করে গৃহকাজ দেন

27. যদি কোনো শিশুর মানসিক বয়স 5 বছর ও সাধারণ বয়স 4 বছর হয়, তবে শিশুটির IQ হবে
(A) 100 (B) 75
(C) 80 (D) 125

28. ব্যক্তিসত্তার যে চলক দ্বারা ব্যক্তি সাধারণত নিজের সম্পর্কে অনুভব করে তা হল
(A) আত্ম-বিশ্বাস (B) আত্ম-নির্ভরশীলতা
(C) আত্ম-সম্মান (D) অন্তর্মুখীতা

29. গার্ডনারের বহুমুখী বুদ্ধির মত অনুসারে 'অন্যদের মেজাজ (mood), প্রেষণা ও আকাঙ্ক্ষা শনাক্ত করা, ও সেগুলির প্রতি যথাযথ প্রতিক্রিয়া জানানোর ক্ষমতা'কে বলে
(A) ভাষাগত বুদ্ধি
(B) যৌক্তিক-গাণিতিক বুদ্ধি
(C) আন্তঃব্যক্তিক বুদ্ধি
(D) অন্তঃব্যক্তিক বুদ্ধি

30. নীচের কোনটি অন্তর্দৃষ্টিমূলক শিখনের সঠিক পর্যায়ক্রম?
(A) প্রস্তুতি, সুপ্তচিন্তন, অন্তর্দৃষ্টি, যাচাইকরণ
(B) প্রস্তুতি, সুপ্তচিন্তন, যাচাইকরণ, অন্তর্দৃষ্টি
(C) প্রস্তুতি, অন্তর্দৃষ্টি, সুপ্তচিন্তন, যাচাইকরণ
(D) প্রস্তুতি, যাচাইকরণ, সুপ্তচিন্তন, অন্তর্দৃষ্টি

PART—B
Language–I—Bengali

নির্দেশ ঃ নিম্নলিখিত গদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (31 থেকে 39 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ

সর্বভারতের প্রধান খাদ্য ছিল ভাত, সুতরাং প্রধান শস্য ছিল ধান। যবের চাষ হত। যব খাওয়া হত মণ্ড করে ('যবাগূ', বাংলায় "জাউ"— পরে শব্দটি খুদের মাড়ও বোঝাত) অথবা ভেজে ছাতু করে। এভাবে যব খাওয়া এখনও প্রচলিত আছে। মহেঞ্জোদাড়োর ভূমিগর্ভ থেকে গম পাওয়া গেলেও এদেশে গমের প্রচলন তেমন ছিল না। ভারতবর্ষের মুসলমানদের আগমনের পর থেকে এদেশে খাদ্যশস্য রূপে গমের প্রচলন বেড়ে যায় উত্তরপশ্চিম ও উত্তর ভারতে। বাংলা দেশে গমের চাষ কমই হত বলে মনে হয়। কর্ণসুবর্ণের নিকটবর্তী রক্তমৃত্তিকা বিহারের ধ্বংসস্তূপের মধ্যে মাটি খুঁড়ে গম পাওয়া গেছে, সুতরাং গম অজানা ছিল বলা যায় না। সাত রকম ব্রীহির মধ্যে যব দেধান শামা-ধান কঙ্গু ইত্যাদির সঙ্গে গোধূমের উল্লেখ আছে। কলাইয়ের মধ্যে মুগ, 'মুদ্গবনী' ও 'কাঠইড়া' (অর্থাৎ আধুনিক বনমুগ ও ঘেসো মুগ), মাঘ ও মশুরের উল্লেখ পাই।

সর্ষে ঘানিতে পিষে তেল করা হত। তিল তেলের বা অন্য কোনো রকম তেলের উল্লেখ নেই। আনাজের উল্লেখ পাই অলাবু (= লাউ), কুষ্মাণ্ড (= চালকুমড়ো), করবেল (= করলা, সর্বানন্দ), ইচ্ছড় (= এঁচড়, সর্বানন্দ), বাতিঙ্গন (= বেগুন), পটোল, কর্করী (= কাঁকুড়, সর্বানন্দ), মূলক (= মূলো, সর্বানন্দ), তিন্তিলি (তেঁতুল, সর্বানন্দ) ইত্যাদি। কাপড় কাচায় ব্যবহৃত হত 'হরিঠা' (আধুনিক রিঠা)। গাছের মূল, "কবীর" (= ডগা, ফল, কাণ্ড), "অধিরূঢ়" (ভিতরের শাঁস), ছাল, ফুল এবং "কব্বক" (= কোঁড় ও পোয়াল ছাতু?)—সবই যে আনাজ রূপে রান্না হত তা জানতে পারি সর্বানন্দের উক্ত "শাকং দশবিধং স্মৃতম্" শ্লোকটির ব্যাখ্যা থেকে। সর্বানন্দ বলেছেন, মূল—মূলো, করীর—বাঁশের কোঁড় (অঙ্কুর), অগ্র—বেত প্রভৃতির, ফল—কাঁকুড় কুমড়া ইত্যাদি, কাণ্ড—তালের মেতি ("তাড়োপল") ইত্যাদি, অধিরূঢ়—তালশাঁস ইত্যাদি, ত্বক—থোড় ইত্যাদি, ফুল—বঙ্গাসন (= বাকসনা) ইত্যাদি, কব্বক—কোণ্ডক (বাঁশের কোঁড়?)। সর্বানন্দ এই খাদ্য শাকগুলি উল্লেখ করেছেন,—'সলুপ্য' (সুলপো), 'শুণ্ঠিআ', 'সুরসুনী' অর্থাৎ শুশুনি, 'হিলমঞ্চী' অর্থাৎ হেলেঞ্চা বা হিংচে।

সমুদ্রের জল শুখিয়ে যে নুন হত তাকে বলত সর্বানন্দের সময়ে 'কড়কচ্চ' (এখনকার "করকচ" নুন)। এই নুন যারা করত জাতিগত বৃত্তি হিসেবে, তারা ছিল 'ওড্র'। এই জন্যে একে 'উড়ি' নুনও বলা হত। এদেশের লোকে সর্ষে শাক খুব পছন্দ করত, সে কথা ই-সিং উল্লেখ করে গেছেন।

31. "সর্বানন্দের সময়ে 'কড়কচ্চ' (এখনকার "করকচ" নুন)" কীভাবে তৈরি করা হত?
(A) নদীর জল শুখিয়ে
(B) গঙ্গার জল শুখিয়ে
(C) সমুদ্রের জল শুখিয়ে
(D) পুকুরের জল শুখিয়ে

32. গদ্যাংশ অনুসারে সাতরকম ব্রীহির মধ্যে কোনগুলি অন্তর্ভুক্ত?
(A) যব, দেধান, কঙ্গু, জাউ
(B) দেধান, শালিধান, যব, কঙ্গু
(C) কঙ্গু, মাঘ, শামা-ধান, দেধান
(D) শামা-ধান, যব, কঙ্গু, দেধান

33. 'অধিরূঢ়' শব্দটির সমার্থক হল—
(A) লাউ, পটোল
(B) চালকুমড়ো, করলা
(C) ভিতরের শাঁস, তালশাঁস
(D) করবেল, কাঁকুড়

34. 'ওড্র'র লোকে সর্ষে শাক খুব পছন্দ করতেন— একথা কে উল্লেখ করেছেন?
(A) ই. সিন্হা
(B) নৃ. সিং
(C) ই. সিং
(D) বি. পট্টনায়েক

35. এদেশে গমের প্রচলন তেমন না থাকলেও গম পাওয়া গেছে—
(i) কর্ণসুবর্ণের কাছে রক্তমৃত্তিকা বিহারের ধ্বংসস্তূপের মধ্যে মাটি খুঁড়ে
(ii) হরপ্পার ধ্বংসস্তূপের মাটি খুঁড়ে
(iii) মহেঞ্জোদাড়োর ভূমিগর্ভ থেকে
(iv) বিহারের কাছে মাটি খুঁড়ে
—মন্তব্যগুলির মধ্যে কোন জোড়টি সঠিক?
(A) (i) ও (iii) সঠিক
(B) (i) ও (iv) সঠিক
(C) (ii) ও (iii) সঠিক
(D) (iii) ও (iv) সঠিক

36. "'যবাগূ', বাংলায় "জাউ""— এই কথাটির অর্থ কী?
(A) গম খাওয়া হত ভেজে ছাতু করে
(B) যব খাওয়া হত মণ্ড করে
(C) ধান খাওয়া হত ভেজে ছাতু করে
(D) ধান খাওয়া হত মণ্ড করে

37. নিম্নে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক নয়?
(A) হরিঠা = রিঠা
(B) কর্করী = কাঁকুড়
(C) এচ্ছড় = এঁচড়
(D) বাতিঙ্গন = বেগুন

38. গদ্যাংশ অনুসারে সর্বানন্দ যে শ্লোকের ব্যাখ্যা করেছিলেন সেই শ্লোকটি কী?
(A) শাকং দশবিধ স্মৃতম্
(B) শাকং দশবিধং স্মৃতম্
(C) শাকম্ দশবিদং স্মৃতং
(D) শাকং দসবিধং স্মৃতং

39. গদ্যাংশ অনুসারে কলাইয়ের মধ্যে কোনগুলির উল্লেখ আছে?
(A) মুগ, সোনামুগ, বনমুগ, মাষ
(B) মুগ, ঘেসোমুগ, মাষ ও মশুর
(C) মুদ্গবনী, কাঠইড়া, মাঘ, সোনামুগ
(D) মাষ, মশুর, অড়হর, মুগ

PART—B
Language–I—Bengali

নির্দেশ ঃ নিম্নলিখিত কবিতাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (40 থেকে 45 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ

আমি যখন ছোটো ছিলুম, ছিলুম তখন ছোটো;
আমার ছুটির সঙ্গী ছিল ছবি আঁকার পোটো।
বাড়িটা তার ছিল বুঝি শঙ্খী নদীর মোড়ে,
নাগকন্যা আসত ঘাটে শাঁখের নৌকো চড়ে।
চাঁপার মতো আঙুল দিয়ে বেণীর বাঁধন খুলে
ঘন কালো চুলের গুচ্ছে কী ঢেউ দিত তুলে।
রৌদ্র-আলোয় ঝলক দিয়ে বিন্দুবারির মতো
মাটির 'পরে পড়ত ঝরে মুক্তা মানিক কত।
নাগকেশরের তলায় বসে পদ্মফুলের কুঁড়ি
দূরের থেকে কে দিত তার পায়ের তলায় ছুঁড়ি।

একদিন সেই নাগকুমারী বলে উঠল, কে ও।
জবাব পেলে, দয়া করে আমার বাড়ি যেয়ো।
রাজপ্রসাদের দেউড়ি সেথায় শ্বেত পাথরে গাঁথা,
মণ্ডপে তার মুক্তাঝালর দোলায় রাজার ছাতা।
ঘোড়সওয়ারি সৈন্য সেথায় চলে পথে পথে,
রক্তবরন ধ্বজা ওড়ে তিরিশঘোড়ার রথে।
আমি থাকি মালঞ্চেতে রাজবাগানের মালী,
সেইখানেতে যূথীর বনে সন্ধ্যাপ্রদীপ জ্বালি।

রাজকুমারীর তরে সাজাই কনকচাঁপার ডালা,
বেণীর বাঁধন-তরে গাঁথি শ্বেতকরবীর মালা।
মাধবীতে ধরল কুঁড়ি, আর হবে না দেরি—
তুমি যদি এস তবে ফুটবে তোমায় ঘেরি।
উঠবে জেগে রঙনগুচ্ছ পায়ের আসনটিতে,
সামনে তোমার করবে নৃত্য ময়ূর-ময়ূরীতে।
বনের পথে সারি সারি রজনীগন্ধায়
বাতাস দেবে আকুল করে ফাগুনি সন্ধ্যায়।

বলতে বলতে মাথার উপর উড়ল হাঁসের দল,
নাগকুমারী মুখের 'পরে টানল নীলাঞ্চল।
ধীরে ধীরে নদীর 'পরে নামল নীরব পায়ে,
ছায়া হয়ে গেল কখন চাঁপাগাছের ছায়ে।
সন্ধ্যামেঘের সোনার আভা মিলিয়ে গেল জলে।
পাতল রাতি তারা-গাঁথা আসন শূন্যতলে।

41. 'ঘোড়সওয়ারি সৈন্য সেথায় চলে পথে পথে'— ঘোড়সওয়ারি সৈন্যের ধ্বজার রঙ কী ও সঙ্গী ঘোড়ার সংখ্যা কত?
(A) পীতবরন ও দশ (B) নীলবরন ও পঞ্চাশ
(C) রক্তবরন ও তিরিশ (D) হরিৎবরন ও চল্লিশ

42. 'আমি থাকি মালঞ্চেতে রাজবাগানের মালী'— এখানে 'আমি' কে?
(A) রাজকুমারী (B) নাগকুমারী
(C) সৈন্য (D) কথক

43. 'রাজপ্রাসাদের দেউড়ি সেথায় শ্বেত পাথরে গাঁথা'— নিম্নরেখ শব্দটির অর্থ কী?
(A) খিড়কি দ্বার
(B) মন্দির কক্ষের দ্বার
(C) গুপ্তকক্ষের দ্বার
(D) সদর দ্বার

44. 'জবাব পেলে, দয়া করে আমার বাড়ি যেয়ো'— নিম্নরেখ ক্রিয়াপদটি কী জাতীয় ভাব নির্দেশ করে?
(A) নির্দেশক ভাব
(B) অনুজ্ঞা ভাব
(C) সংযোজক ভাব
(D) উপদেশাত্মক ভাব

45. 'বাড়িটা তার ছিল বুঝি শঙ্খী নদীর মোড়ে'— নিম্নরেখ পদটি কী জাতীয় অব্যয়?
(A) সিদ্ধান্তবাচক সমুচ্চয়ী অব্যয়
(B) ভাবপ্রকাশক অনন্বয়ী অব্যয়
(C) সংশয়সূচক সমুচ্চয়ী অব্যয়
(D) ব্যতিরেকাত্মক সমুচ্চয়ী অব্যয়

46. প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মাতৃভাষায় শিক্ষা দেওয়ার কারণ কী?
(A) মাতৃভাষা শিশুর পক্ষে সহজে বোধগম্য
(B) আঞ্চলিক ভাষাগুলিকে প্রাধান্য দেওয়ার জন্য
(C) মাতৃভাষায় শিক্ষাদানে কম খরচ লাগে
(D) অভিভাবকেরা বেশিরভাগই ভাষাটা জানে

47. সংশোধনী শিক্ষণের মূল উদ্দেশ্যের মধ্যে কোনটি অন্তর্ভুক্ত নয়?
(A) পিছিয়ে পড়া শিক্ষার্থীদের দুর্বলতাকে চিহ্নিত করা
(B) প্রয়োজনীয় সংশোধনে সহায়তা করা
(C) নতুন বিষয় পড়ানোর আগে সকলের মধ্যে পূর্বপাঠের জ্ঞানের সমতা আনা
(D) দুর্বলতাগ্রস্ত শিক্ষার্থীদের মানসিক পীড়ন করা

48. বিনা ব্যয়ে বাধ্যতামূলক শিশু শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোন বিবৃতিটি সঠিক?
(A) বন্ধুত্বপূর্ণ ও শিশুকেন্দ্রিক পদ্ধতি অনুসরণ করতে হবে
(B) অতিরিক্ত কোচিং-এর ব্যবস্থা রাখতে হবে
(C) লেখাপড়া করতে না চাইলে শাস্তির ব্যবস্থা রাখতে হবে
(D) মাতৃভাষার মাধ্যমে শিক্ষায় কম গুরুত্ব দিতে হবে

49. 'ছায়া হয়ে গেল কখন চাঁপাগাছের ছায়ে'— নিম্নরেখ পদটি কী জাতীয় পদ?
(A) ক্রিয়ার বিশেষণ (B) কৃদন্ত বিশেষণ
(C) অব্যয়জাত বিশেষণ (D) তদ্ধিতান্ত বিশেষণ

16 23

PART—B
Language–I—Bengali

49. কবিতাপাঠের পর শিক্ষক/শিক্ষিকা শ্রেণির সকল ছাত্র-ছাত্রীকে কয়েকটি দলে ভাগ করে নিম্নলিখিত নির্দেশগুলি দেবেন— প্রথম দল বিষয় সম্পর্কে ছবি এঁকে দেখাবে, দ্বিতীয় দলের কাজ কবিতার মূল ভাবটিকে মুখে বলা, তৃতীয় দল কবিতাটি সম্পর্কে মতামত গদ্যে লিখে প্রকাশ করবে। এই সক্রিয়তার উদ্দেশ্য কী?

(A) শিক্ষার্থীদের বিচ্ছিন্ন করে দেওয়া
(B) নিছক সময় অতিবাহিত করা
(C) আসন্ন পরীক্ষার জন্য প্রস্তুত করা
(D) শিক্ষার্থীদের মধ্যে থাকা বিভিন্ন ক্ষমতা ও প্রবণতাকে গুরুত্ব দেওয়া

50. যদি কোনো শিক্ষক/শিক্ষিকা লক্ষ্য করেন কোনো শিক্ষার্থী পঠনজনিত সমস্যার (Reading disorder) শিকার তখন তাকে নিম্নলিখিত কোন সমস্যায় সম্পর্কিত বলে শনাক্ত করবেন?

(A) অ্যাফেসিয়া (B) ডিসক্যালকুলা
(C) ডিসলেক্সিয়া (D) অটিজম

51. শিক্ষার ক্ষেত্রে 'ভাষার কেন্দ্রিকতা'র (Centrality of Language) অর্থ কী?

(A) ভাষা অন্যান্য সকল বিষয় (Subject) শেখার ক্ষেত্রেই কেন্দ্রীয় ভূমিকা পালন করে
(B) ভাষার সঙ্গে অন্যান্য বিষয় (Subject) শিক্ষার কোনো যোগ নেই
(C) বিষয় চর্চা (Content Studies) ভাষাশিক্ষার কেন্দ্র
(D) কোনো বিশেষ বিষয় সম্পর্কিত ধারণা অর্জনের জন্য ভাষার দিকে গুরুত্ব দেওয়ার প্রয়োজন নেই

52. নিম্নলিখিত কোন বৈশিষ্ট্যটি আদর্শ পাঠের বৈশিষ্ট্য নয়?

(A) উপলব্ধি (B) নির্ভুল
(C) অসঙ্গতি (D) গতি

53. একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে শিক্ষক/শিক্ষিকা যদি শিক্ষার্থীদের বলেন সহপাঠীদের পারঙ্গমতার মানাঙ্কন (Assessment) করতে তাহলে সেটি হবে—

(A) দলগত মানাঙ্কন (B) ব্যক্তিগত মানাঙ্কন
(C) সহপাঠীদলের মানাঙ্কন (D) আত্মগত মানাঙ্কন

54. নীরব পাঠের নিম্নলিখিত উদ্দেশ্যগুলির মধ্যে কোন উদ্দেশ্যটি সবথেকে বেশি যুক্তিযুক্ত?

(A) শব্দভাণ্ডার বৃদ্ধি
(B) যথাযথ উচ্চারণের অভ্যাস নির্মাণ
(C) শিক্ষার্থীকে নিজের মতো কাজে ব্যস্ত রাখা
(D) পাঠ (Text)-এর মূল ধারণাটিকে মনোযোগ সহকারে বুঝে নিতে সাহায্য করা

55. কবিতাপাঠের আলোচনায় প্রাসঙ্গিকভাবে একজন শিক্ষক/শিক্ষিকা ইতিহাস বা ভূগোল বিষয়ের সম্পর্ক দেখাচ্ছেন— এক্ষেত্রে তিনি কোন শিক্ষণ কৌশল অবলম্বন করছেন?

(A) অনুগামী (B) অনুসন্ধান
(C) অনুবন্ধ (D) অনুসারী

56. নিম্নলিখিত কোন ক্ষেত্রে শ্রবণদক্ষতার প্রয়োগ সরাসরি হয় না?

(A) রেলস্টেশনে গাড়ির সময় সম্পর্কিত ঘোষণা
(B) ক্লাসরুমে শিক্ষকের/শিক্ষিকার পরীক্ষার দিন ঘোষণা
(C) স্কুলে বসে একমনে গল্পের বই পড়া
(D) সাংস্কৃতিক অনুষ্ঠানে কবিতা পাঠ

57. নিম্নের কোনটি 'জরুরি সাক্ষরতা স্তর' (Emergent Literacy Stage)-এ লক্ষ করা যায় না?

(A) বই-এর প্রতি আগ্রহ
(B) গল্পবর্ণনা বা বলার ক্ষমতা
(C) বিভিন্ন জিনিসের নাম জানা
(D) শব্দ লেখার ক্ষমতা

58. শিক্ষণ-শিখন উপকরণ (Teaching-Learning Material) ব্যবহারে কোন বিষয়টি বেশি জরুরি?

(A) সহজলভ্য
(B) স্বল্পমূল্য
(C) শিক্ষার্থীর তৈরি
(D) বিষয়ের সঙ্গে সম্পৃক্ত (Contextualised) এবং যথাযথভাবে প্রযুক্ত

59. ব্যাকরণ শিক্ষার ক্ষেত্রে—

- শিক্ষক/শিক্ষিকা বক্তা, পাঠদান শুষ্ক ও নীরস
- শিক্ষার্থীদের প্রতিক্রিয়া অপ্রয়োজনীয়, মুখস্থ নির্ভর

উপরিউক্ত মন্তব্যগুলি কোন বিশেষ শিক্ষাপদ্ধতিকে নির্দেশ করছে?

(A) সূত্র পদ্ধতি
(B) আরোহী পদ্ধতি
(C) বিশ্লেষণ পদ্ধতি
(D) অবরোহী পদ্ধতি

60. বাংলা ক্লাসে যদি কোনো শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীর মৌলিকতা ও সৃজনশীলতার সন্ধান পেতে চান তাহলে তিনি কোন ধরনের প্রশ্নের সাহায্য নেবেন?

(A) সত্য/মিথ্যাবাচক প্রশ্ন
(B) একটি শব্দের উত্তরভিত্তিক প্রশ্ন
(C) বহুনির্বাচনধর্মী (MCQ) প্রশ্ন
(D) মুক্তপ্রান্তিক প্রশ্ন

PART—C
Language-II—English

Read the following passage carefully and answer Question Nos. 61–68.

The victory of the small Greek democracy of Athens over the mighty Persian empire in 490 BC is one of the most famous events in history. Darius, King of the Persian Empire, was furious because Athens had interceded for the other Greek city states in revolt against the Persian domination. In anger the King sent an enormous army to defeat Athens. He thought it would take drastic steps to pacify the rebellious part of the empire. Persia was ruled by one man. In Athens, however, all citizens helped to rule. Ennobled by this participation, Athenians were prepared to die for their city state. Perhaps this was the secret of the remarkable victory at Marathon, which freed them from Persian rule. On their way to Marathon, the Persians tried to fool some Greek city states by claiming to have come in peace. The frightened citizens of Delos refused to believe this. Not wanting to abet the conquest of Greece, they fled from their city and did not return until the Persians had left.

61. Darius took drastic steps to _____ the rebellious part of the empire.

(A) weaken (B) conquer
(C) destroy (D) calm

62. The people of Delos did not want to _____ the conquest of Greece.

(A) end (B) think about
(C) support (D) day dream about

63. Statement (i) — Persia was autocratic
Statement (ii) — Athens was democratic
Choose the right option:

(A) Statement (i) is false, and Statement (ii) is true
(B) Statements (i) and (ii) both are true
(C) Statement (i) is true and Statement (ii) is false
(D) Both Statements (i) and (ii) are false

64. The people of Delos ran away because they were

(A) bold (B) wise
(C) impatient (D) annoyed

65. 'Persia was ruled by one man.' The underlined word in the sentence is an example of

(A) Noun (B) Adjective
(C) Pronoun (D) Adverb

66. Athens had _____ the other Greek city states against the Persians.

(A) refused to help (B) wanted to fight
(C) intervened on behalf of (D) given orders to fight

67. The word 'abet' as used in the passage means—

(A) fight (B) follow
(C) assist (D) share

68. Which of the following options come closest to the meaning of the word 'Ennobled' as used in the passage is—

(A) worried (B) frightened
(C) panicked (D) encouraged

Read the following passage carefully and answer Question Nos. 69–75.

It was a cold, wet and windy March evening when Prem came back from the village with his wife and first-born child, then just four months old. In those days, they had to walk to the house from the bus stand; it was a half-hour walk in the cold rain, and the baby was all wrapped up when they entered the front room. Finally, I got a glimpse of him. And he of me, and it was a friendship at first sight. Little Rakesh (as he was to be called) grabbed me by my nose and held on. He did not have much of a nose to grab, but he had a dimpled chin and I played with it until he smiled.

The little chap spent a good deal of his time with me during those first two years in Maplewood—learning to crawl, to toddle, and then to walk unsteadily about the little sitting room. I would carry him into the garden, and later, up the steep gravel path to the main road. Rakesh enjoyed these little excursions, and so did I, because in pointing out trees, flowers, birds, butterflies, beetles, grasshoppers, et al, I was giving myself a chance to observe them better instead of just taking them for granted.

In particular, there was a pair of squirrels that lived in the big oak tree outside the cottage. Squirrels are rare in Mussoorie though common down the valley. This couple must have come up for the summer. They became quite friendly, and although they never got around to taking food from our hands, they were soon entering the house quite freely. The sitting room window opened directly onto the oak tree whose various denizens—ranging from tag-beetles to small birds and even an acrobatic bat—took to darting in and out of the cottage at various times of the day and night.

69. 'Finally, I got a glimpse of him.' This is an example of an

(A) assertive sentence (B) interrogative sentence
(C) imperative sentence (D) exclamatory sentence

70. 'Et al' means :

(A) also (B) either
(C) but (D) and others

71. In his excursion little Rakesh was accompanied by

(A) the narrator (B) Prem
(C) his brother (D) his friends

72. Little Rakesh was _____ when he saw the narrator for the first time in his life.

(A) two years old (B) four months old
(C) four years old (D) a baby of one year

73. The synonym of 'denizen' is

(A) army (B) students
(C) occupants (D) animals

PART—C
Language-II—English

74. "I would carry him into the garden, and later, up the steep gravel path to the main road." This sentence is an example of
(A) Simple past tense
(B) Past perfect tense
(C) Past continuous tense
(D) Past perfect continuous tense

75. The animal which is rare in the place mentioned in the passage is
(A) tiger
(B) bat
(C) squirrel
(D) tag-beetle

76. According to NCF (National Curriculum Framework) 2005, multilingualism in a language classroom should be seen as
(A) a challenge to second language teaching.
(B) a hindrance to second language acquisition.
(C) a shortcoming in second language teaching.
(D) a resource in teaching second language.

77. For teaching a grammar item a teacher begins with examples, and then with the help of examples, she/he clarifies the rules. After that she/he asks the students to provide more examples and provide clarifications. The teacher here is thus using the
(A) Deductive method
(B) Inductive method
(C) Inductive–Deductive method
(D) Direct method

78. Which of the following TLM is most essential for an English teacher to carry to the classroom?
(A) Dictionary
(B) Chart
(C) Textbook
(D) Model

79. Which of the following is not a principle for second language teaching?
(A) Prompt feedback
(B) Continuous assessment
(C) Memorisation of the rules of grammar
(D) Use of different contexts

80. Which of the following is the principle of teaching grammar in a second language classroom?
(A) Learners should be taught only the aspects relevant for communication.
(B) Learners should be taught every grammatical aspect thoroughly.
(C) Learners should be taught the art of scaffolding.
(D) Learners should be taught only translation.

